

এটলাস বাংলাদেশ লিমিটেড  
২৬৫-২৬৭, টঙ্গী শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর।

এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল)-এর ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও নৈতিকতা  
বিষয়ক কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আজিবর রহমান, ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) ও কমিটির আহ্বায়ক।

সভার তারিখ : ২৫-০৯-২০২৩ খ্রি.

সভার সময় : বেলাঃ ২.০০ ঘটিকা

সভার স্থান : ব্যবস্থাপনা পরিচালক-এর দাপ্তরিক কক্ষ।

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, এবিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিমূলে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে এবিএল-এর গত ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ১৮২ সংখ্যক অফিস আদেশ মূলে একটি কমিটি গঠন করা হয়েছে।

৩.০ সভায় আলোচনা হয় যে, সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় জীবনে উন্নয়ন ও অগ্রগতি নিশ্চিত করার জন্য সমাজে নৈতিক মূল্যবোধের লালন, চর্চা ও বিকাশের বিশেষ গুরুত্ব রয়েছে।

৪.০ সভায় মোটরসাইকেল বিক্রয়/বিক্রয়োত্তর সেবা, এবিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও বার্ষিক ক্রয় পরিকল্পনা, কারখানা প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

(ক) প্রতিষ্ঠানের মোটরসাইকেলের বিক্রয়/বিক্রয়োত্তর সেবা নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হল।

(খ) এবিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা এবিএল-এর ওয়েবসাইটে আপলোডকরণের সিদ্ধান্ত গৃহীত হল।


(গ) ডেঙ্গু প্রতিরোধে কারখানা প্রাঙ্গণের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৫/০৯/২৩

(মোঃ মাসুদ রশিদ)  
সহকারী শেয়ার কর্মকর্তা

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩

(কানিজ ফাতেমা)  
প্রশাসনিক কর্মকর্তা

ও  
কমিটির সদস্য-সচিব  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

  
২৫/০৯/২৩

(মোঃ ইসমাইল হোসেন)  
বিক্রয় বিভাগীয় প্রধান (অতিঃদাঃ)

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩


(এস এম আলাউদ্দিন)  
হিসাব বিভাগীয় প্রধান

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩


(মোঃ আবুল মাসুদ নজরুল ইসলাম)  
সার্ভিস বিভাগীয় প্রধান

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩


(নাদিম হোসেন)  
প্রশাসন বিভাগীয় প্রধান (অতিঃদাঃ)

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩

(মোঃ আক্তার হোসেন)  
উৎপাদন বিভাগীয় প্রধান

ও  
কমিটির সদস্য

  
২৫/০৯/২৩

(মোঃ আজিবর রহমান)  
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)

ও  
কমিটির আহ্বায়ক